ক্যাণ্টনমেন্ট বোর্ড অফিস
ঢাকা ক্যাণ্টনমেন্ট।

ঢাকা ক্যাণ্টনমেন্ট বোর্ডের ০৩-৪-৯৩ ইং তারিখের সভার কার্য বিবরণী।

ঢাকা ক্যাণ্টনমেন্ট বোর্ডের প্রেসিডেন্ট কর্ণেল মোঃ শাহজাহান মিয়া'র সভাপতিত্বে ০৩-৪-৯৩ ইং বেলা ০-০০ ঘটিকায় ক্যাণ্টনমেন্ট বোর্ড অফিসে বোর্ডের নিয়মিত সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় সদস্যবর্গের উপস্থিতি ছিল নিম্নরূপ ঃ-

১। লেঃ কর্ণেল মহঃ আসাদুল ইসলাম — সদস্য — উপস্থিত।
সি এম ই এস (আর্মি)
ঢাকা সেনানিবাস।

২। উইং কমান্ডার ম, মাসিদুর রহমান — সদস্য — উপস্থিত।
অধিনায়ক,
প্রশাসনিক শাখা, বি এ এফ বেস বাশার এর প্রতিনিধি
ঢাকা সেনানিবাস।

৩। মেজর মোঃ শামছুল হক — সদস্য — উপস্থিত।
অধিনায়ক, এস এইচ ও
এস ই এম ও'র প্রতিনিধি, সি এম এইচ
ঢাকা সেনানিবাস।

৪। লেঃ এম এন ইসলাম (এস ডি) (এস) বি এন — সদস্য — উপস্থিত।
বি এন এস হাজী মহসিন
ঢাকা সেনানিবাস।

৫। জনাব মোঃ আজিজ খান — সদস্য — উপস্থিত।
১৪/এ, ক্যাণ্টনমেন্ট আবাসিক এলাকা
ঢাকা সেনানিবাস।

৬। ফ্লাঃ লেঃ (অবঃ) এ বি এম এ রশিদ — সদস্য — উপস্থিত।
ডি ও এইচ এস বনানী
ঢাকা সেনানিবাস।

৭। জনাব মোঃ আবদুল ওয়াহাব — সদস্য — অনুপস্থিত।
প্রথম শ্রেনীর ম্যাজিষ্ট্রেট
জেলা প্রশাসকের দপ্তর, ঢাকা।

৮। লেঃ কর্ণেল (অবঃ) শামছুল হক — সদস্য — উপস্থিত।
ডি ও এইচ এস বনানী এর প্রতিনিধি।

৯। উইং কমান্ডার (অবঃ) এম, শামছুর রহমান — সদস্য — উপস্থিত।
ডি ও এইচ এস বনানী এর প্রতিনিধি।

১০। কমান্ডার (অবঃ) টি আই এম নুরুন নবী — সদস্য — উপস্থিত।
ডি ও এইচ এস মহাখালী এর প্রতিনিধি।

১১। লেঃ কর্ণেল (অবঃ) শামছুল আলম জোয়ারদার — সদস্য — উপস্থিত।
ডি ও এইচ এস মহাখালী এর প্রতিনিধি।

১২। জনাব মোঃ আবদুল করিম — সেক্রেটারী — উপস্থিত
ক্যাণ্টনমেন্ট একজিকিউটিভ অফিসার
ঢাকা সেনানিবাস।

বোর্ডের সম্মানিত সদস্যবর্গকে স্বাগত জানাইয়া সভাপতি মহোদয় সভার কাজ আরম্ভ করেন। বিস্তারিত আলোচনান্তে সভার আলোচ্যসূচী মোতাবেক নিম্নবর্ণিত সিদ্ধান্ত সমূহ সভায় গৃহীত হয় ঃ-

**প্রস্তাব নং-১ ঃ** 28-২-৯৩ ইং তারিখের সভার কার্য বিবরণী অনুমোদন করা।

**গৃহীত সিদ্ধান্ত ঃ** ক্যাণ্টনমেন্ট বোর্ডের ২৮-২-৯৩ ইং তারিখে অনুষ্ঠিত সভার কার্য বিবরণী পাঠান্তে উহা অনুমোদন করা গেল এবং গৃহীত সিদ্ধান্ত সমূহ সম্পর্কে অবহিত হওয়া গেল। পূর্ববর্তী সভার সিদ্ধান্তের আলোকে সিনেমা হল সমূহের নিকট হইতে প্রাপ্ত তথ্যাদী সমেত ডি ও এইচ এস এর সম্মানিত প্রতিনিধি সদস্য লেঃ কর্ণেল (অবঃ) শামছুল হক এবং উইং কমান্ডার (অবঃ) শামছুর রহমানকে বিভিন্ন সিনেমা হল পরিদর্শন করতঃ প্রতিবেদন পেশ করার জন্য অনুরোধ জানাইয়া সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।

২য় পৃঃ দ্রঃ

**প্রস্তাব নং-২ঃ** এস ই এম ও'র ফেব্রুয়ারী,১৯৯৩ মাসের স্বাস্থ্য প্রতিবেদন অবহিত হওয়া ।

**গৃহীত সিদ্ধান্তঃ-**(ক) উক্ত স্বাস্থ্য প্রতিবেদন অবহিত হওয়া গেল। ক্যান্টনমেন্ট বোর্ড ও এস এইচ ও'র সাম্প্রতিক প্রচেষ্টার ফলে সেনানিবাসের পরিচ্ছন্নতার কিছুটা উন্নতি হওয়ায় সভায় সন্তোষ প্রকাশ করা হয়।

(খ) ক্যান্টনমেন্ট জেনারেল হাসপাতালের দক্ষিনাংশে খালি জায়গায় অথবা অন্য কোন সুবিধাজনক স্থানে পৃথক আইসোলেশন ওয়ার্ড ( Isolation Ward ) ভবন নির্মাণ করার সিদ্ধান্ত গৃহীত হইল। এ ব্যাপারে বোর্ডের সম্মানিত সদস্য জনাব মোঃ আজিজ খান আর্থিক সহায়তার আশ্বাস প্রদান করায় সভায় সন্তোষ প্রকাশ করা হয়। উক্ত হাসপাতালকে আর্থিক ভাবে স্বয়ং সম্পূর্ণ করার লক্ষে বিভিন্ন ফি ইত্যাদির রেইট বৃদ্ধির প্রস্তাব আগামী সভায় পেশ করার জন্য সি ই ও'কে অনুরোধ জানানো হয়।

**প্রস্তাব নং-৩ঃ** মহাখালী ডি ও এইচ এস এলাকার রোড নং-২৪,২৫,২৬,২৭ এবং রোড নং-২৩ হইতে [illegible] পর্যন্ত সংযোগ রোড কার্পেটিং করনের নিমিত্ত এম ই এস সিডিউল অব রেইটস্,১৯৯০ ইং মোতাবেক ৭,৪৮,১৩৫.৫২ টাকার মূল্যানুমান অনুমোদন করা।

**গৃহীত সিদ্ধান্তঃ-** উক্ত মূল্যানুমান অনুমোদন করা গেল। চূড়ান্ত অনুমোদন ও অর্থ বরাদ্দের জন্য 'সাভূসে' অধিদপ্তরে লিখা হউক। শুকনো মৌসুমে যথাযথ ভাবে উক্ত প্রকল্প বাস্তবায়ন করিতে হইবে।

**প্রস্তাব নং-৪ঃ** মহাখালী ডি ও এইচ এস এলাকার রোড নং-৩৩ এর কার্পেটিং করনের নিমিত্ত এম ই এস সিডিউল অব রেইটস্,১৯৯০ ইং মোতাবেক ৩৮,০৩৬.৭৪ টাকার মূল্যানুমান অনুমোদন করা।

**গৃহীত সিদ্ধান্তঃ-** উক্ত মূল্যানুমান অনুমোদন করা গেল। চূড়ান্ত অনুমোদন ও অর্থ বরাদ্দের জন্য 'সাভূসে' অধিদপ্তরে লিখা হউক। শুকনো মৌসুমে যথাযথ ভাবে উক্ত প্রকল্প বাস্তবায়ন করিতে হইবে।

**প্রস্তাব নং-৫ঃ** ক্যান্টনমেন্ট বোর্ডের কর্মকর্তা/কর্মচারীদিগকে মৃত্যুর পর সামরিক কবরস্থানে দাফনের ব্যাপারে আলোচনা করা।

ক্যান্টনমেন্ট বোর্ডের কর্মকর্তা/কর্মচারী ও তাহাদের পরিবারের সদস্যদের মৃত্যুর পর সামরিক কবরস্থানে সমাহিত করার প্রাধিকার সম্পর্কে আলোচনা করা। এ ব্যাপারে সেনাসদরের কিউ এম জি মহোদয়ের কক্ষে ১৭-৯-৮৪ ইং তারিখে অনুষ্ঠিত সভার আলোকে প্রনীত সমাহিত করণ নীতিমালা সভায় পেশ করা হয়।

**গৃহীত সিদ্ধান্তঃ-** ক্যান্টনমেন্ট বোর্ডের কর্মকর্তা/কর্মচারীগণ বর্তমানে সামরিক কবরস্থানে সমাহিত হওয়ার প্রাধিকার ভুক্ত নয় বিধায় এবং বনানী সামরিক কবরস্থানে ভূমির স্বল্পতাহেতু সেনানিবাসের আশে-পাশে এম ই ও'র আওতাধীন অন্য কোন সুবিধাজনক স্থানের জমির শ্রেনী বিন্যাস পরিবর্তন পূর্বক "সি" শ্রেনীতে রূপান্তরিত করিয়া তথায় বোর্ডের আর একটি কবরস্থান স্থাপনের অনুমতি প্রদানের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাব প্রেরনের সিদ্ধান্ত গৃহীত হইল। এই ধরনের ভূমি পাওয়া না গেলে বিকল্প ব্যবস্থা হিসাবে প্রয়োজনীয় ভূমি হুকুম দখল করিয়া নূতন আর একটি কবরস্থান স্থাপনের সিদ্ধান্ত গৃহীত হইল। নূতন কবরস্থান স্থাপনের পর বোর্ডের কর্মকর্তা/কর্মচারীদেরকে তথায় সমাহিত করনের প্রাধিকারভুক্ত করার বিষয়টি বিবেচনা করা হইবে।

**প্রস্তাব নং-৬ঃ** ক্যান্টনমেন্ট বোর্ডের সকল স্তরের কর্মকর্তা/কর্মচারীদিগকে সামরিক রেশন ষ্ট্যান্ড হইতে নগদ মূল্যে রেশন প্রদানের বিষয়ে আলোচনা করা।

**গৃহীত সিদ্ধান্তঃ-** আর্মি রেগুলেশন এর ৪৯৯(বি)(ঊ) নং বিধির আলোকে বিষয়টি পরবর্তী কার্যক্রম গ্রহনের জন্য উর্ধতন কর্তৃপক্ষের নিকট উপস্থাপন করা হউক।

**প্রস্তাব নং-৭ঃ** ক্যান্টনমেন্ট পোষ্ট অফিস সংলগ্ন বি আর টি সি যাত্রী ছাউনী ব্যবসায়িক কাজে বরাদ্দ প্রসংগেঃ

ক্যান্টনমেন্ট পোষ্ট অফিস সংলগ্ন বি আর টি সি যাত্রী ছাউনী ব্যবসায়িক কাজে বরাদ্দ করনের বিষয় বিবেচনা করা। এই ব্যাপারে বিএসএস-৮৪৮ মেজর(অবঃ)মফিজুর রহমান,১৫৬/২ শহীদ বাশার রোড, ঢাকা সেনানিবাস এর গত ০৯-৩-৯৩ ইং তারিখের একখানা আবেদনপত্র উপস্থাপন করা গেল।

৩য় পৃঃ দ্রঃ
======

ত সিদ্ধান্ত ঃ- ব্যক্তিগত আলোচনার মাধ্যমে উক্ত যাত্রী ছাউনী বরাদ্দ করা সম্ভবপর নয় বিধায় আবেদনকারী আবেদনটি বিবেচনা করা গেল না। তবে স্থানীয় অধিবাসী এবং যাত্রী সাধারনের বিভিন্ন পন্য এর সুবিধার্থে বি আর টি সি কর্তৃপক্ষের অনুমতি নিয়া উপরোল্লিখিত যাত্রী ছাউনীটির আংশিক প্রকাশ্য নিলামের মাধ্যমে সর্বোচ্চ ডাককারীকে বরাদ্দ দানের জন্য সিদ্ধান্ত গৃহীত হইল।

ব নং-৮ ঃ মরহুম মোঃ ইসকান্দার আলীর লাশের সৎকার করনের নিমিত্ত খরচকৃত টাকা অনুমোদন করণ ঃ

ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের সাধারণ কনজারভেন্সী শাখার ঝাড়ুদার মোঃ ইসকান্দার আলী গত ১০-১-৯৩ ইং তারিখে রেল দূর্ঘটনায় মৃত্যু বরণ করেন (ইন্না লিল্লাহে ....... রাজেউন)। তাঁহার লাশ রেলওয়ে পুলিশ কর্তৃক ময়না তদন্তের জন্য ঢাকা মেডিক্যাল কলেজে প্রেরণ করা হয়। ইহার পর উক্ত মৃত ব্যক্তির জন্য নিম্নোক্ত খরচকৃত টাকা অনুমোদন করার বিষয় বিবেচনা করা ঃ-

| | | |
|---|---|---|
| (১) ডোম খরচ, কাফনের কাপড় ও কফিন বক্সসহ অন্যান্য হরচ --- | = | ৪,০০০.০০ টাকা |
| (২) দেশের বাড়ী (বরিশালে) পাঠানোর গাড়ী ভাড়া ------ | = | ৩,২০০.০০ " |
| (৩) তাঁহার স্ত্রীকে নগদ প্রদান --- ---- - | = | ৫,০০০.০০ " |
| | সর্বমোট= | ১২,২০০.০০ টাকা |

ত সিদ্ধান্ত ঃ- উক্ত ব্যয় অনুমোদন করা গেল।

ব নং-৯ ঃ কচুক্ষেত সুপার মার্কেটের সম্মুখে আবাসিক এলাকায় বসবাসের পরিবেশ সংরক্ষণ সহ মেজর (অবঃ) আবদুস সাত্তারের বাড়ীর প্রবেশ পথ এর অধিকার প্রসংগে ঃ

কচুক্ষেত সুপার মার্কেটের সম্মুখে আবাসিক এলাকায় বসবাসের পরিবেশ সংরক্ষন সহ উক্ত এলাকাস্থ মেজর(অবঃ) আবদুস সাত্তারের বাড়ীর প্রবেশ পথের অধিকারের বিষয় বিবেচনা করা। এই সম্পর্কে মেজর(অবঃ) আবদুস সাত্তারের গত ১৬-৩-৯৩ ইং তারিখের একখানা আবেদনপত্র উপস্থাপন করা গেল।

ত সিদ্ধান্ত ঃ- বিষয়টি সি ই ও কর্তৃক বিধি অনুযায়ী ব্যবস্থা গ্রহন করার জন্য অনুরোধ করা গেল।

ব নং-১০ ঃ সেনানিবাস এলাকার বিভিন্ন স্থানে এম ই এস সিডিউল অব রেইটস্, ১৯৯০ ইং অনুযায়ী নিম্নবর্ণিত কাজের জন্য প্রদত্ত সর্বনিম্ন দর অনুমোদন করা ঃ

(ক) মহাখালী ডি ও এইচ এস এলাকার শিশু পার্কের ভিতর ফুটপাতের উপর সলিং করনের নিমিত্ত মেসার্স আমিন ব্রাদার্স কর্তৃক এম ই এস সিডিউল অব রেইটস্, ১৯৯০ ইং অনুযায়ী প্রদত্ত সর্বনিম্ন দর ৯% উর্ধে অনুমোদন করা।

(খ) মহাখালী ডিওএইচএস এলাকার মসজিদ রোডের চার রাস্তার মোড় প্রশস্থ করণ প্লট নং-বি/১২১ এর পূর্ব পার্শ্বে লেইন নং-৮ এর পশ্চিম মাথায় ২১ নং রোডের প্রবেশ পথ করনের নিমিত্ত মেসার্স হাবিব এন্ড সন্স কোং কর্তৃক এম ই এস সিডিউল অব রেইটস্, ১৯৯০ ইং অনুযায়ী প্রদত্ত সর্বনিম্ন দর ৮% উর্ধে অনুমোদন করা।

ত সিদ্ধান্ত ঃ- (ক) সর্বনিম্ন দরপত্রদাতা মেসার্স আমিন ব্রাদার্স এর ৯% উর্ধ দর অনুমোদন করা গেল।

(খ) সর্বনিম্ন দরপত্রদাতা মেসার্স হাবিব এন্ড সন্স কোং এর ৮% উর্ধদর অনুমোদন করা গেল।

ব নং-১১ ঃ ক্যান্টনমেন্ট সুপার মার্কেটে একটি দোকান নির্মাণ ও আর্মি কোটায় উক্ত দোকান হস্তান্তর করণ প্রসংগে ঃ

ক্যান্টনমেন্ট সুপার মার্কেটে একটি দোকান নির্মাণ করিয়া সামরিক কোটা হিসাবে হস্তান্তর করার ব্যাপারে পরবর্তী সিদ্ধান্ত গ্রহনের জন্য অত্র দপ্তরের ১৬-১-৯৩ ইং তারিখের ঢাক্যাবো/টিআরসি/৩০/২০/৪/৭৯ নং পত্র, ১৭-২-৯৩ ইং তারিখের ঢাক্যাবো/টিআরসি/৩০/২০/৪/৯০ নং পত্র, সাভূসে অধিদপ্তরের ০৪-৩-৯৩ ইং তারিখের ২/এমএলএনডসি/জেনারেল/২২৬-২/শা-৫/৫ নং পত্র এবং দোকান বরাদ্দের প্রস্তাবিত শর্তাবলী উপস্থাপন করা হইল।

ত সিদ্ধান্ত ঃ- ক্যান্টনমেন্ট সুপার মার্কেটে একটি দোকান নির্মাণ করিয়া উহা আর্মি কোটায় ষ্টেশন সদর দপ্তরের ব্যবস্থাপনায় অবসরপ্রাপ্ত সামরিক কর্মচারীদের মধ্যে বরাদ্দ করার সিদ্ধান্ত গৃহীত হইল। প্রচলিত শর্তাবলী এ ব্যাপারে প্রযোজ্য হইবে। বিষয়টি জরুরী ভিত্তিতে অনুমোদন করার জন্য সাভূসে অধিদপ্তরকে অনুরোধ করা গেল।

৪র্থ পৃঃ দ্রঃ

ব নং-১২ ঃ দোকানের ভাড়া ও সারচার্জ রেয়াত প্রদান প্রসংগে ঃ

ক্যান্টঃ সুপার মার্কেটের সি-২২৯ নং দোকানের বকেয়া ভাড়া ও সারচার্জ মওকুফের নিমিত্ত প্রয়োজনীয় সিদ্ধান্ত গ্রহনের জন্য দোকান মালিকের ২৭-২-৯৩ ইং তারিখের আবেদনপত্র খানা সভায় উপস্থাপন করা হইল ।

ীত সিদ্ধান্ত ঃ- বিশেষ বিবেচনায় ৩,০০০'০০ (তিন হাজার) টাকা সারচার্জ সহ সকল বকেয়া ভাড়া একত্রে আদায় করার সিদ্ধান্ত গৃহীত হইল ।

াব নং-১৩ ঃ এসেসমেন্ট কমিটি গঠন ঃ

ক্যাণ্টনমেন্ট বোর্ড কর্তৃক গৃহকর নির্ধারনের নিমিত্ত এসেসমেন্ট/আপীল কমিটি গঠনের নিমিত্ত পরিচালক, সাভূসে অধিদপ্তরের গত ১৩-৩-৯৩ ইং তারিখের ৭/এমএলএন্ডসি/ঢাকা/৭৪-২/[illegible]-৩/ ৩ নং পত্র উপস্থাপন করা হইল ।

ীত সিদ্ধান্ত ঃ- গৃহকর নির্ধারণ সংক্রান্ত তথ্যাদী যাচাই পূর্বক করদাতার কোন অভিযোগ থাকিলে উহা নিস্পত্তি করতঃ কর নির্ধারণ চূড়ান্ত করনের নিমিত্ত নিম্নবর্ণিত সদস্যদের সমন্বয়ে এসেসমেন্ট কমিটি গঠন করা গেল ঃ-

(ক) লেঃ কর্ণেল শামছুল হক (অবঃ) - সভাপতি
বনানী ডিওএইচএস এর প্রতিনিধি সদস্য ।

(খ) লেঃ কর্ণেল শামছুল আলম জোয়ারদার (অবঃ) - সদস্য
মহাখালী ডিওএইচএস এর প্রতিনিধি সদস্য ।

(গ) ফ্লাঃলেঃ এ বি এম এ রশিদ (অবঃ) - সদস্য
সদস্য, ঢাকা ক্যাণ্টনমেন্ট বোর্ড ।

(ঘ) জনাব মোঃ মোস্তফা ভূঁইয়া - সচিব
রেভিনিউ অফিসার, ঢাকা ক্যান্ট বোর্ড ।

স্তাব নং-১৪ ঃ বাড়ীর নকসা অনুমোদন করণ ঃ

সেনানিবাস এলাকায় বাড়ী নির্মানের ব্যাপারে বিভিন্ন আবেদনকারীর নক্শা অনুমোদন করণ ।

হীত সিদ্ধান্ত ঃ- সেনানিবাস এলাকায় বাড়ী/বিল্ডিং নির্মানের নিমিত্ত নিম্নবর্ণিত ৬ (ছয়) জন আবেদনকারীর নকসা অনুমোদন করা গেল ঃ-

| ক্রমিক নং | বাড়ীর মালিকের নাম | প্লট নম্বর | এলাকার নাম |
|---|---|---|---|
| (১) | ব্রিগেডিয়ার মোঃ মজিবুর রহমান (অবঃ) | ১৯৯/এ, | ডিও এইচ এস, মহাখালী, ঢাকা ক্যান্ট । |
| (২) | মেজর (অবঃ) হাফিজুর রহমান খান | ৩৮৫, | -----ঐ----- |
| (৩) | ক্যাপ্টেন মোঃ গুলজার হোসেন, পিএসসি, বিএন | ৪৫৯, | -----ঐ----- (সংশোধিত) |
| (৪) | মিসেস শামীমা চৌধুরী | ৪৯৯ | ডিওএইচএস, মহাখালী, ঢাকা ক্যান্ট । |
| (৫) | লেঃ কর্ণেল (অবঃ) কিউ এন জামান | ৬৯ | ডিওএইচএস, বনানী, ঢাকা ক্যান্ট । |
| (৬) | মিসেস জারিয়াতুল-এম খান | ১০৯ | ক্যান্টঃ আবাসিক এলাকা, ঢাকা ক্যান্ট (সংশোধিত) |

ভবিষ্যতে যে কোন বাড়ীর নকসা প্রচলিত বিল্ডিং বাই-'ল' মোতাবেক সি ই ও সরাসরি অনুমোদন করিবেন এবং এ ধরনের প্রস্তাব বোর্ড মিটিং এ উপস্থাপন করার প্রয়োজন নাই ।

স্তাব নং-১৫ ঃ মহাখালী ডি ও এইচ এস এলাকায় সি এস ডি ভবন নির্মানের ৭,৯৫,৪৫৬'০০ টাকার মূল্যানুমান অনুমোদন করা ।

গৃহীত সিদ্ধান্ত ঃ- মহাখালী ডি ও এইচ এস এলাকার ওয়াসার পানির ট্যাংকের অদূরে কমিউনিটি সেন্টারের জন্য নির্ধারিত স্থানের পাশে উর্ধতন কর্তৃপক্ষের অনুমোদিত ডিজাইন/নকসার আলোকে সি এস ডি ভবনের সম্পূর্ণ প্রকল্পটি সম্পন্ন/বাস্তবায়ন করিতে ৩৯,০৫,০০০'০০ টাকা ব্যয় হইবে । কিন্তু বর্তমানে আংশিক সি এস ডি ভবন নির্মাণ করার জন্য ৭,৫৬,০০০'০০ (সাত লক্ষ ছাপ্পান্ন হাজার) টাকার মূল্যানুমান অনুমোদন করা গেল । চূড়ান্ত অনুমোদন ও জরুরী ভিত্তিতে অর্থ বরাদ্দের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে স্বয়ং সম্পূর্ণ প্রস্তাব প্রেরণ করা হোক ।

৫ম পৃঃ দ্রঃ

ব নং-১৬ঃ বিবিধঃ

(ক) ক্যান্টনমেন্ট সুপার মার্কেটের হকার চার্জ/ফি আদায়ের অগ্রগতি বিবেচনা করা।

(খ) ক্যান্টনমেন্ট বাজার এলাকার প্লট নং-৪৮ এর মধ্যে অবস্থিত বর্তমান দ্বিতীয় শ্রেনীর বাসস্থানের উপরে দোতলা নির্মানের নিমিত্ত মেসার্স গাজী এন্ড কোং লিঃ কর্তৃক এম ই এস সিডিউল অব রেইটস্, ১৯৯০ ইং অনুযায়ী প্রদত্ত সর্বনিম্ন ১৬% উর্ধ হারের পরিবর্তে রেজুলেশন নং-১০(ক) এর মাধ্যমে ১০% উর্ধ হার অনুমোদন করা হয়। ইহার প্রেক্ষিতে সংশ্লিষ্ট ঠিকাদারের গত ১৪-৩-৯৩ ইং তারিখের আবেদনপত্র অনুযায়ী প্রদত্ত সর্বনিম্ন দর ১৬% উর্ধ হার পুনঃ অনুমোদনের বিষয় বিবেচনা করা।

(গ) ক্যান্টঃ আবাসিক এলাকাস্থিত রোড নং-২/এ, প্লট নং-১৬/জি এর পশ্চিম পার্শ্বের খালি জায়গা উক্ত প্লটের মালিক খোদেজা বেগমকে বরাদ্দ দেওয়ার ব্যাপারে তাঁহার আবেদনপত্র বিবেচনা করা।

(ঘ) ক্যান্টঃ আবাসিক এলাকাস্থিত প্লট নং-৭৪ এর মালিক শামীমা এ, খানের আবেদনের প্রেক্ষিতে উক্ত প্লট সংলগ্ন খালি জায়গা তাঁহাকে বরাদ্দ দেওয়ার ব্যাপারে বিবেচনা করা।

(ঙ) শহীদ বাশার রোডের পার্শ্বস্থিত অফিসার কোয়ার্টার সংলগ্ন স্থানে ৩,৪৯,৯৯৮.০০ টাকা ব্যয়ে শিশু পার্ক নির্মানের বিষয় আলোচনা করা।

(চ) ক্যান্টনমেন্ট জেনারেল হাসপাতালের ডিসপেন্সারী এবং ক্লিনিক বিভাগ আলাদা করনের নিমিত্ত অধিনায়ক, এস এইচ ৩ এর পত্র নং-এসএইচ৩/৯৮ তারিখ ২৯-৩-৯৩ ইং অনুযায়ী দুইজন সদস্য নিয়োগ করার বিষয় বিবেচনা করা।

(ছ) ক্যান্টনমেন্ট কবরস্থানের নিরাপত্তা বাতি স্থাপনের নিমিত্ত ২১টি বৈদ্যুতিক খুঁটির উপর ৪২টি সিংগেল টিউব লাইট সহ ২টি লন-বাতি স্থাপনের নিমিত্ত এম ই এস সিডিউল অব রেইটস্, ১৯৯০ ইং অনুযায়ী মোট ২,৩৮,৬৫৪.০০ টাকার মূল্যানুমান অনুমোদন করা।

(জ) অনারারী ক্যাপ্টেন (অবঃ) আবদুল মন্নান ভূঁইয়াকে (সেনাসদর প্রশাসনিক শাখা হইতে অবসরপ্রাপ্ত) বুড়ওয়েতে একটি দোকান অথবা পোষ্ট অফিস/ষ্টাফ রোড সংলগ্ন যাত্রী ছাউনীর আংশিক বরাদ্দ দেওয়ার জন্য স্টেশন কমান্ডার মহোদয়কে সম্বোধিত তাহার ৩০-৩-৯৩ ইং তারিখের আবেদনপত্র যাহা সেনাসদর, প্রশাসনিক শাখার ২৯-৩-৯৩ ইং তারিখের ৫১৭৪/১/টুআইসি/X নং পত্র মারফত স্টেশন সদর দপ্তরে প্রেরিত হইয়াছে তাহা বিবেচনা করা।

(ঝ) ক্যান্টনমেন্ট একজিকিউটিভ অফিসারের অফিস কারটি ৪-৩-৭৮ ইং তারিখে ক্রয় করা হয় বিধায় দীর্ঘ ব্যবহারের কারণে গাড়ীটি প্রায়ই অকেজো হইয়া সরকারী কাজে বিঘ্ন সৃষ্টি করার কারণে একটি নূতন কার ক্রয়ের বিষয় বিবেচনা করা।

(ঞ) মহাখালী ডিওএইচএস এলাকার কমিউনিটি সেন্টারের মাঠে ভিটি বালু ভরাট করিয়া খেলার মাঠের উপযোগী করার জন্য ১,৩৭,৯৫২.৫০ টাকার মূল্যানুমান অনুমোদন করা।

(ট) ডিওএইচএস এলাকায় আতশবাজি/পটকা ফোটানো সংক্রান্ত বিষয় আলোচনা করা।

(ঠ) মহাখালী ডিওএইচএস এর বিভিন্ন প্লটের সামনে, পিছনে বা পাশে যে সব স্ট্রীপ খালি জায়গা আছে তাহা ইজারার মাধ্যমে সংশ্লিষ্ট সন্নিহিত প্লট গ্রহীতাদের নিকট বরাদ্দ করার বিষয়ে আলোচনা করা।

(ড) মহাখালী ডিওএইচএস এলাকার ২১ নং রোডের কোণা হইতে দক্ষিণ দিকে প্রধান সড়কটি তুলনামূলক ভাবে সরু থাকায় উহা প্রশস্থ করার বিষয় আলোচনা করা।

গৃহীত সিদ্ধান্তঃ- (ক) ক্যান্টনমেন্ট সুপার মার্কেটে হকার চার্জ/ফি যথাযথ ভাবে আদায় হইতেছে না বলিয়া সভায় সন্দেহ প্রকাশ করা হয়। এই খাতে ১৯৯০-৯১ সালে ৭৯,১৬৮.০০ টাকা, ১৯৯১-৯২ সালে ১,৩৩,৬৮৯.০০ টাকা এবং ১৯৯২-৯৩ সালের মার্চ পর্যন্ত ১,০৭,৪৮৩.০০ টাকা আদায় হইলেও হকারের সংখ্যার তুলনায় সাম্প্রতিক কালে প্রকৃত আদায় অনেক কম বলিয়া অভিমত ব্যক্ত করা হয়।

৬ষ্ঠ পৃঃদ্রঃ

৩-৪-৯৩ ইং তারিখে পি সি বি মহোদয়ের নির্দেশে বোর্ডের সম্মানিত সদস্য উইং কমান্ডার ম, মাসিদুর রহমান, ফ্লাঃলেঃ এ বি এম এ রশিদ(অবঃ) এবং ষ্টেশন সদর দপ্তরের ক্যাপ্টেন শামীম তাৎক্ষনিক ভাবে বাজারে ২৫৪ জন হকার চিহ্নিত করেন। অথচ ঐদিন পূর্বাহ্নে ট্যাক্স কালেক্টরগণ মাত্র ১৩৮ জন হকারের নিকট হইতে চার্জ/ফি আদায় করেন যাহা অত্যন্ত অপ্রতুল। এ অনিয়মের সহিত জড়িত কর্মকর্তা/কর্মচারীদের বিরুদ্ধে কঠোর বিভাগীয় ব্যবস্থা গ্রহন করতঃ আগামী ১(এক) মাসের মধ্যে হকার চার্জ/ফি আদায় বৃদ্ধির কার্যকরী ব্যবস্থা গ্রহনের জন্য সি ই ও'কে অনুরোধ জানাইয়া সিদ্ধান্ত গৃহীত হয়। হকার তালিকা প্রনয়ন করতঃ তাহাদেরকে জায়গা বন্টন করিয়া দিতে হইবে। যে সব দোকানদার চৌকি ইত্যাদি রাখিয়া অতিরিক্ত জায়গা দখল করিয়াছেন তাহাদের এই অতিরিক্ত দখলকৃত জায়গার জন্য প্রতিদিন ১০.০০ টাকা হারে জরিমানা আদায় করিতে হইবে।

(খ) আবেদনটি পুনঃ বিবেচনা পূর্বক ১২% উর্ধ দর অনুমোদন করা গেল।

(গ) বিবেচনা করা গেল না। উক্ত জমি ক্যান্টনমেন্ট বোর্ডের প্রয়োজনে ব্যবহৃত হইবে। সেনানিবাস বাজার এলাকায় এ ধরনের অব্যবহৃত ভূমির একটি তালিকা প্রনয়নের সিদ্ধান্ত গৃহীত হইল।

(ঘ) বিবেচনা করা গেল না। তিনি পূর্বেই প্রাচীরের ভিতর অতিরিক্ত জমি দখল করিয়া রাখিয়াছেন যাহা উদ্ধারের জন্য জরুরী ভিত্তিতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করা হউক।

(ঙ) উল্লেখিত স্থানে শিশু পার্ক নির্মানের বিষয়টি ইতিপূর্বে বোর্ড সভায় অনুমোদিত হইয়াছে। পার্কটি বাস্তবায়নের জন্য ৩,৪৯,৯৭৮.০০ টাকার অনুদান চাহিয়া 'সাভূসে' অধিদপ্তরে স্বয়ং সম্পূর্ণ প্রস্তাব প্রেরণ করা হউক।

(চ) এস এইচ ও'র উল্লেখিত পত্র মোতাবেক ক্যান্টঃ জেনারেল হাসপাতালের ডিসপেন্সারী এবং ক্লিনিক বিভাগ আলাদা করনের নিমিত্ত 'সাভূসে' অধিদপ্তরের সহকারী পরিচালক(আইন) ও বোর্ডের সহ-সচিবকে সদস্য নিয়োগের বিষয়টি অনুমোদন করা গেল।

(ছ) ২,৩৮,৬৫৪.০০ টাকার মূল্যানুমান অনুমোদন করা গেল। অর্থ বরাদ্দের জন্য 'সাভূসে' অধিদপ্তরে প্রস্তাব প্রেরণ করা হোক।

(জ) রেড ওয়েতে কোন দোকান না থাকায় আবেদনটি বিবেচনা করা গেল না। তবে যাত্রী ছাউনী বরাদ্দের ব্যাপারে প্রস্তাব নং-৭ এর সিদ্ধান্ত মোতাবেক কার্যকরী ব্যবস্থা গ্রহন করা হউক।

(ঝ) বিশদ আলোচনান্তে বর্তমানে ব্যবহৃত সি ই ও'র গাড়ীটি অত্যন্ত পুরাতন বিধায় উহা নিলামে বিক্রয় অথবা 'সাভূসে' অধিদপ্তরে ন্যাস্ত করিয়া একটি নূতন ১০০০ সি সি'র নিশান সানি জে-এক্স মডেলের গাড়ী ক্রয়ের অনুমোদন দেওয়া গেল। নূতন গাড়ী ক্রয়ের স্বয়ং সম্পূর্ণ প্রস্তাবসহ অনুদান বরাদ্দের জন্য 'সাভূসে' অধিদপ্তরে পত্র লিখা হউক।

(ঞ) ১,৩৭,৯৫২.৫০ টাকার মূল্যানুমানটি অনুমোদন করা গেল।

(ট) ডি ও এইচ এস এলাকায় স্থাপিত সাইনবোর্ডগুলিতে "আতশবাজি/পটকা ফোটানো নিষেধ" বাক্য লিখিত হইবে এবং এই ব্যাপারে স্থানীয় থানাকে সজাগ দৃষ্টি রাখার জন্য সি ই ও'কে পত্র লিখার অনুরোধ করা হইল।

(ঠ) এই ব্যাপারে এই ধরনের জমির একটি তালিকা তৈরী করা হউক।

(ড) মহাখালী ডি ও এইচ এস এলাকার ২১ নং রোডের কোণা হইতে দক্ষিন দিকে প্রধান সড়কটি প্রশস্থ করার বিষয়টি অনুমোদন করা গেল। এই ব্যাপারে মূল্যানুমান প্রস্তুত করতঃ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য সি ই ও'কে অনুরোধ করা হইল।

উপস্থিত সদস্যদিগকে ধন্যবাদ জানাইয়া সভাপতি মহোদয় সভার কাজ শেষ করেন।

( মোঃ আবদুল করিম )
সেক্রেটারী,
ক্যান্টনমেন্ট বোর্ড, ঢাকা ক্যান্টনমেন্ট।

( কর্ণেল মোঃ শাহজাহান মিয়া )
প্রেসিডেন্ট,
ক্যান্টনমেন্ট বোর্ড, ঢাকা ক্যান্টনমেন্ট।

শম/-